

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৭৫

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮

৩০ জুন ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫০৯৪/২০১৭ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-১২৩/২০১৭ এর আদেশ মোতাবেক ঢাকাস্থ কবি নজরুল সরকারি কলেজের শরীরচর্চা শিক্ষক জনাব মোহাম্মদ মাজহারুল ইসলাম গং (৭০ জন) বাদী হয়ে সকল সুবিধাসহ সরকারি কলেজ এবং টিচার্স ট্রেনিং কলেজের শরীরচর্চা শিক্ষকগণকে ১ম শ্রেণি (নন-ক্যাডার) পদে উন্নীতকরণের প্রার্থনা করে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৯৪/২০১২ দায়ের করেন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫০৯৪/২০১৭ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-১২৩/২০১৭ এর আদেশ মোতাবেক ঢাকাস্থ কবি নজরুল সরকারি কলেজের শরীরচর্চা শিক্ষক জনাব মোহাম্মদ মাজহারুল ইসলাম গং (৭০ জন) বাদী হয়ে সকল সুবিধাসহ সরকারি কলেজ এবং টিচার্স ট্রেনিং কলেজের শরীরচর্চা শিক্ষকগণকে ১ম শ্রেণি (নন-ক্যাডার) পদে উন্নীতকরণের প্রার্থনা করে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৯৪/২০১২ দায়ের করেন। উক্ত মামলায় ১৪/০৫/২০১৪ তারিখের আদেশ বাস্তবায়ন না হওয়ায় জনাব এ.এইচ.এম গোলাম আরিফ গং ১৭ (সতের) জন কর্তৃক কনটেম্পট পিটিশন নং-১২৩/২০১৭ দায়ের করেন।

আলোচ্য মামলার বিষয়ে গত ০৪/০৭/২০১৭ এবং ১০/১০/২০১৭ তারিখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাউশি অধিদপ্তর ও পত্রের অনুলিপি সরকারি কলেজ শাখা-২ কে দেয়া হয়। বর্তমানে এ কনটেম্পট মামলায় ০৩ মার্চ ২০২১ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় চনং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এমতাবস্থায়, যেহেতু মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১৫০৯৪/২০১২ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-১২৩/২০১৭ এগত ০৩ মার্চ ২০২১ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় চনং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু কনটেম্পট পিটিশন নং-১২৩/২০১৭ এর বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-৬-২০২১

মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৭৫/১

তারিখ: ১৬ আষাঢ়.১৪২৮
৩০ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩০-৬-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব